জাতীয়
ডোপ প্রতিরোধী
এজেন্সী

নিষ্পক্ষ খেল
Play fair



এথলিট ডোপিং কন্ট্রোল প্রসেস

নাডা-প্রামাণিক, আভাসী এবং সমাবেশী

ভূমিকা

ডোপ নিয়ন্ত্রণ (পরীক্ষণ) একটি এমন টুল যার ব্যবহার ডোপ প্রতিরোধী সংস্থা (এডিও) খেলার মাঠে সমতা এবং স্বচ্ছ খেলাধুলো সুনিশ্চিত করার জন্য করে থাকে।

যে কোনো ডোপ-প্রতিরোধী কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ দিক হল নমুনা সংগ্রহ করা। এতে এথলিটের রক্ত, মূত্র, শুকনো রক্তের দাগ বা অন্য কোনো অনুমোদিত নমুনা একত্রিত করা অন্তর্ভুক্ত থাকে, এর পর এর সম্পূর্ণ ডকুমেন্টেশন, নমুনা তৈরি এবং বাডার স্বীকৃত প্রয়োগশালায় পাঠাতে হয়।

খেলায় অংশগ্রহণকারী এথলিট এবং যারা ডোপ প্রতিরোধী নিয়মের অন্তর্গত আসে, তাদের মূত্র এবং/অথবা রক্তের পরীক্ষা তাদের আন্তর্জাতিক সংস্থা (আই এ এফ), জাতীয় ডোপ প্রতিরোধী সংগঠন (নাডো)বা প্রধান কর্মসূচি আয়োজক (এম ই ও)র মাধ্যমে যে কোনো সময়, যে কোনো স্থানে ব্যবস্থা নেওয়া যেতে পারে। এই উদ্দেশ্যে, সমস্ত পরীক্ষা বিশেষ ক'রে প্রশিক্ষিত ডোপ নিয়ন্ত্রণ কর্মী (ডিসিপি) করে থাকেন।

পরীক্ষণ প্রতিযোগিতার সময় এবং প্রতিযোগিতার বাইরের অবধিতে যেমন এথলিটের বাসস্থান, কর্মস্থল বা প্রশিক্ষণ স্থলে করা যেতে পারে।

পরীক্ষণের জন্য এথলিটের নির্বাচন কীভাবে করা হয়?

• প্রতিযোগিতার সময় এথলিটকে র‍্যান্ডাম নির্বাচন, সর্বশেষ পরিস্থিতি বা কোনো বিশেষ কারণে প্রয়োজন হলে করা যেতে পারে।

• প্রতিযোগিতার বাইরে এথলিটের যে কোনো সময়, যে কোনো স্থানে, এবং আগে থেকে না জানিয়ে ডোপ পরীক্ষা করা যেতে পারে।

যদি কোনো এথলিট নাবালোক বা প্রতিবন্ধী হয়, এমন অবস্থায় যতটা আবশ্যক এবং যতটা সম্ভব সেই অনুযায়ী নমুনা সংগ্রহ প্রক্রিয়ায় সংশোধন করা যেতে পারে।



পরীক্ষণ (মূত্র)

পরীক্ষণ প্রক্রিয়ার ১১টি পর্যায়ে অন্তর্ভুক্ত রয়েছেঃ

পর্যায় ১

এথলিট নির্বাচন

এথলিটকে যেকোনো সময় এবং যেকোনো স্থানে ডোপ পরীক্ষার জন্য নির্বাচন করা যেতে পারে।

পর্যায় ২

বিজ্ঞপ্তি

এথলিটকে ডোপ নিয়ন্ত্রণ আধিকারিক(ডিসিও) বা সংরক্ষক জানান যে তাঁকে ডোপ নিয়ন্ত্রণ প্রক্রিয়া (পরীক্ষণ)এর জন্য নির্বাচন করা হয়েছে আর তাঁকে এটাও বলা হয় যে কোনো এডিও কর্তৃপক্ষের দ্বারা তাঁর পরীক্ষা করা হচ্ছে।

পর্যায় ৩

ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে রিপোর্টিং

এথলিটকে অবিলম্বে ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে রিপোর্ট করা উচিত(যদিও, ডিসিও/বিসিও এবং সংরক্ষকের মাধ্যমে জানানোর পর তাঁকে পদক অনুষ্ঠান ইত্যাদির জন্য ছাড়া দেওয়া যেতে পারে)

পর্যায় ৪

নমুনা সংগ্রহ পাত্র নির্বাচন

এথলিট ডোপ নিয়ন্ত্রণ কর্মচারীর মাধ্যমে উপলব্ধ করানো পাত্রের মধ্যে থেকে মূত্র নমুনা সংগ্রহের পাত্র নির্বাচন করবে।

পর্যায় ৫

নমুনা প্রদান করা

যখন এথলিট নমুনা দেবার জন্য তৈরি হয়, ডিসিও বা সংরক্ষক মূত্র নমুনা প্রদান করার সময় সাক্ষী হিসেবে থাকবেন।

পর্যায় ৬

মূত্রর পরিমাণ

মূত্রর নমুনার জন্য কমপক্ষে ৯০ এম এলের প্রয়োজন হয়। যদি প্রথম নমুনা ৯০ এম এল না হয়, তা হলে এথলিটকে অপেক্ষা করতে এবং আরো একটি অতিরিক্ত নমুনা দিতে বলা হতে পারে।



পর্যায় ৭
নমুনার বিভাজন
এথলিট নিজের মূত্র এ এবং বি বোতলে বিভাজিত করবে, যাতে নমুনা সংগ্রহ পাত্রে মূত্রর অবশিষ্ট পরিমাণ বেঁচে যাবে। বি নমুনা এথলিটকে তার এ নমুনা ফেরত আসা এবং প্রতিকূল বিশ্লেষণাত্মক ফলাফল (পজিটিভ পরিণাম) হওয়ার পরিস্থিতিতে দ্বিতীয় বিশ্লেষণ করানোর সুযোগ প্রদান করে।

পর্যায় ৮
নমুনা সীলবন্ধ করা
এ এবং বি বোতলকে এথলিট সীল করবে।

পর্যায় ৯
বিশিষ্ট গুরুত্বের পরিমাপ
ডিসিও এথলিটের মূত্রের বিশিষ্ট গুরুত্ব পরিমাপ করে যাতে এটি নির্ধারিত করা যেতে পারে যে এটি প্রয়োগশালার মানক পুরো করে কি না। যদি নমুনা খুব পাতলা হয় তবে এথলিটকে অতিরিক্ত নমুনা (একাধিক নমুনা) দিতে বলা হবে।

পর্যায় ১০
ডোপ নিয়ন্ত্রণ ফর্ম (ডিসিএফ) পুরো করা
এথলিট ডিসিএফ কে কাগজ বা ডিজিটাল ফর্ম্যাটে ডিসিওর কাছে পূরণ করে। এথলিটের কাছ থেকে ব্যক্তিগত তথ্য, ব্যবহৃত পদার্থ বা নিয়মের তালিকা আর ডোপ নিয়ন্ত্রণ প্রক্রিয়া সংশ্লিষ্ট কোনো মন্তব্য দিতে বলা হয়ে থাকে। এথলিটকে ডিসিএফ এর একটি প্রিন্ট বা ডিজিটল কপি দেওয়া হয়।

পর্যায় ১১
নমুনা প্রয়োগশালায় পাঠানো হয়
এথলিটের সীলবন্ধ নমুনা সুরক্ষিত করা হয় এবং একে বাডা দ্বারা স্বীকৃত প্রয়োগশালায় পাঠানো হয়। নমুনার সঙ্গে আসা ডিসিএফ প্রয়োগশালা অনামে রাখা হয়, যাতে কেবল নমুনার বোতল নম্বর, খেলার নাম এবং এথলিটের লিংগ উল্লেখ থাকে।



পরীক্ষণ (রক্ত)

পরীক্ষণ প্রক্রিয়ার ৯টি পর্যায়ের অন্তর্ভুক্ত হলঃ

পর্যায় ১
এথলিট নির্বাচন

এথলিটকে যেকোনো সময় এবং যেকোনো স্থানে পরীক্ষার জন্য নির্বাচন করা যেতে পারে।

পর্যায় ২
বিজ্ঞিপ্তি

এথলিটকে ডোপ নিয়ন্ত্রণ আধিকারিক (ডিসিও)বা সংরক্ষকের মাধ্যমে জানানো হয় যে তাঁকে ডোপ নিয়ন্ত্রণ (পরীক্ষার) জন্য নির্বাচন করা হয়েছে আর তাঁকে বলা হয় যে কোন এডিও কর্তৃপক্ষের মাধ্যমে তাঁর পরীক্ষা করা হচ্ছে।

পর্যায় ৩
ডোপিং নিয়ন্ত্রণ স্টেশনকে রিপোর্ট করা

এথলিটকে অবিলম্বে ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে রিপোর্ট করা উচিত (যদিও, একবার চেক ইন করার পর তাকে পদক অনুষ্ঠান ইত্যাদির জন্য ছাড় দেওয়া যেতে পারে।

পর্যায় ৪
রক্ত সংগ্রহ কিট নির্বাচন

এথলিট ডোপ নিয়ন্ত্রণ কর্মচারীর মাধ্যমে উপলব্ধ করানো পাত্রের মধ্য থেকে রক্ত সংগ্রহ কিট নির্বাচন করবে।

পর্যায় ৫
নমুনা প্রদান করা

ভেনপাঞ্চারের আগে এথলিটকে ১০মিনিট পর্যন্ত বসে থাকতে এবং বিশ্রাম করতে বলা হবে

রক্ত সংগ্রহ আধিকারিক (বিসিও)এথলিটের নন-ডোমিনেন্ট আর্ম এগিয়ে দিতে বলবেন, উর্ধবাহুতে একটি টর্ণিকেট লাগাবেন এবং পঞ্চরের স্থানের ত্বক পরিস্কার করবেন। বিসিও এথলিটের রক্ত নেবেন এবং প্রত্যেক ভেক্যুনেটর ব্লড টিউবে প্রয়োজনীয় মাত্রায় রক্ত ভরবেন।



শুকনো রক্তের দাগ বিশ্লেষণের জন্য ডিসিও/বিসিও পঞ্চরের জন্য সবসে উপযুক্ত স্থানের মূল্যায়ন করবে, যাতে এথলিট বা তাঁর খেলার কুশলতার ওপর প্রতিকূল প্রভাব পড়ার সম্ভাবনা না থাকে।
এথলিট স্যাম্পল কালেকশন সাইটকে ওয়ার্ম করবে। ডিসিও/বিসিও স্টেরাইল ডিসইনফেক্টেড প্যাড বা স্বৈব থেকে ব্লাড স্যাম্পল সাইটকে ডিসইনফেক্ট করবে।
ডিসিও/বিসিও আঙুলের মাথা উর্ধবাহু থেকে রক্ত সংগ্রহ করবে

পর্যায় ৬
নমুনা বিভাজন
বিসিও ব্যাক্যুটেনর টিউবকে এ আর বি কিটে রাখবেন (যদি রক্তের নমুনা এবিপি প্রোগ্রামের অংশ হিসেবে একত্র করা হয়, তবে কেবল একটি শিশির প্রয়োজন হতে পারে)।

শুকনো রক্তের দাগ বিশ্লেষণের জন্য ডিসিও/বিসিও ডিবিএস নমুনাগুলিকে একটি সুরক্ষিত কিটে স্থানান্তর করবেন যাকে এ এবং বি হিসেবে লেবেল করা হবে।

পর্যায় ৭
নমুনা সীল করা
এথলিট এ আর বি বোতল সীল করবে।

পর্যায় ৮
ডোপ নিয়ন্ত্রণ ফর্ম(ডিসিএফ)পূরণ করা
এথলিট ডিসিএফকে কাগজ বা ডিজিটাল ফর্ম ডিসিওর কাছে পূরণ করে। এথলিটের কাছে ব্যক্তিগত তথ্য, ব্যবহৃত পদার্থ বা নিয়মের তালিকা চাওয়া হবে আর ডোপ নিয়ন্ত্রণ প্রক্রিয়া সংস্লিষ্ট কোনো মন্তব্য করতে বলা হবে।এথলিট ডিসিএফ এর একটি প্রিন্ট বা ডিজিটাল কপি পেয়ে থাকেন।

পর্যায় ৯
নমুনা প্রয়োগশালায় পাঠানো হয়
এথলিটের সীলবন্ধ নমুনাকে সুরক্ষিত ক'রে বাডা স্বীকৃত প্রয়োগশালায় পাঠানো হয়। নমুনার সঙ্গে আসা ডিসিএফের প্রয়োগশালার কপিকে অনামী রাখা হয়, যাতে কেবল নমুনার বোতল নম্বর, খেলা এবং এথিলেটের লিংগ উল্লেখ থাকে।



বিলম্বের অনুরোধ


এমন পরিস্থিতি হতে পারে যেখানে কোনো এথলিটকে ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে অবিলম্বে রিপোর্ট করতে বিলম্ব হতে পারে। এথলিটসের নিম্নলিখিত অনুমোদিত কারণে বিলম্বের বিষয়ে অনুরোধ করার অধিকার আছে। বিলম্বের অনুমতি সেই ডোপ নিয়ন্ত্রণ কর্মচারী দ্বারা গৃহীত সিদ্ধান্ত, যিনি আপনাকে জানিয়েছেন।

প্রতিযোগিতার সময় এথলিট নিম্নলিখিত বিষয়ে বিলম্বের জন্য অনুরোধ করতে পারেঃ

- পদক অনুষ্ঠানে অংশ নেওয়া
- মিডিয়ার সংক্রান্ত দায়িত্ব পুরো করা
- পরবর্তী প্রতিযোগিতায় অংশ নেওয়া
- ওয়ার্ম-ডাউন
- মেডিক্যাল চিকিৎসা প্রাপ্ত করা
- দ্বিভাষী খোঁজ করা
- অন্য কোনো অস্বাভাবিক পরিস্থিতি যা ন্যায়সম্মত হতে পারে, এবং যার ডকুমেন্টেশন করা হবে

প্রতিযোগিতার বাইরের অবধিতে এথলিট নিম্নলিখিত বিষয়ে বিলম্বের জন্য অনুরোধ করতে পারেনঃ

- পদক অনুষ্ঠানে অংশ নেওয়া
- মিডিয়ার সংক্রান্ত দায়িত্ব পুরো করা
- পরবর্তী প্রতিযোগিতায় অংশ নেওয়া
- ওয়ার্ম-ডাউন
- মেডিক্যাল চিকিৎসা প্রাপ্ত করা
- দ্বিভাষী খোঁজ করা
- অন্য কোনো অস্বাভাবিক পরিস্থিতি যা ন্যায়সম্মত হতে পারে, এবং যার ডকুমেন্টেশন করা হবে



নাবালোক এবং প্রতিবন্ধী এথলিটসের জন্য সংশোধন

নাবালোকদের পরীক্ষা করার সময়, প্রক্রিয়ায় মূল সংশোধন নিম্নানুসার যে সব বিষয়ে এথলিটসদের জানা থাকা দরকার

- নাবালোকদের ডোপ নিয়ন্ত্রণ কর্মচারী (ডিসিপি)দ্বারা এথলিট প্রতিনিধির (যারা নাবালোক নয়) উপস্থিতিতে পরীক্ষার জন্য জানিয়ে দেওয়া উচিত। তিনি জাতীয় শাসনাধীন প্রতিষ্ঠানের প্রতিনিধি, কোচ, মা-বাবা ইত্যাদি হতে পারেন। যদি নাবালোক প্রতিনিধিকে অস্বীকার করে দেওয়া হয়, তবে এমন অবস্থায় ডিসিপি এটি সুনিশ্চিত করবে যে অন্য কোনো সাবালোক, যেমন অন্য কোনো ডিসিপি, যেন উপস্থিত থাকেন। যদি কোনো বয়স্ক ব্যক্তি উপস্থিত না থাকেন, তবে বিজ্ঞপ্তি ততক্ষণ পর্যন্ত আটকে দেওয়া হবে যতক্ষণ পর্যন্ত কোনো বয়স্ক ব্যক্তি উপস্থিত না হচ্ছে।

- নাবালোককে পরামর্শ দেওয়া হচ্ছে যে যদি তাদের পরীক্ষার জন্য জানিয়ে দেওয়া হয় তবে তারা নিজের সঙ্গে একজন প্রতিনিধি নিয়ে আসবেন। এই প্রতিনিধি বিজ্ঞপ্তির সময় উপস্থিত সেই বয়স্ক হতে পারেন বা কোনো দ্বিতীয় ব্যক্তি হতে পারেন। এথলিটকে প্রতিনিধির বিষয়ে জানার জন্য ডিসিপি এবং একজন বয়স্ক দ্বারা নিরীক্ষণ করা হবে।

- বিজ্ঞপ্তির পর যে কোনো সময় ডিসিপিকে একলা নাবালোকের সঙ্গে ছাড়া যাবে না।

- যখন কোনো এথলিট স্যাম্পল দেবার জন্য প্রস্তুত হয়, তখন এথলিটের স্যাম্পল দেওয়া দেখছেন যে ডিসিপিকে সর্বদাই একজন পর্যবেক্ষকের সঙ্গে থাকা উচিত যিনি তাঁকে এবং তাঁর আচরণ দেখতে থাকবেন।এথলিটের প্রতিনিধিও, যদি উপস্থিত থাকেন,ডিসিপির সঙ্গে থাকবেন আর এথলিটের স্যাম্পল দেওয়া দেখছেন যে ডিসিপি, তার ওপর দৃষ্টি রাখবেন। কেবলমাত্র ডিসিপি এথলিটকে স্যাম্পল দেওয়ার সময় সরাসরি দেখতে পারবেন। যতক্ষণ পর্যন্ত এথলিটের কাছ থেকে অনুরোধ না আসবে ততক্ষণ কোনো দ্বিতীয় পর্যবেক্ষক অথবা এথলিটের প্রতিনিধির তাকে সরাসরি প্রস্রাব করার সময় দেখা উচিত নয়।

প্রতিবন্ধী এথলিটসের পরীক্ষা করার সময়, প্রক্রিয়ায় প্রধান সংশোধন এই ধরণের যে বিষয়ে এথলিটদের জানা থাকা উচিতঃ

- শারিরীক প্রতিবন্ধীত্ব বা সীমিত গতিশীলতা বা হস্ত নিপুণ এথলিট নমুনা সংগ্রহ উপকরণ দেখাশুনো, নমুনা বিভাজিত করা বা ডিসিএফ পুরো করার সময় সহায়তার জন্য যেকোনো প্রাপ্ত বয়োস্ক এথলিট প্রতিনিধি বা ডিসিওকে জিজ্ঞাসাবাদ করতে পারে। প্রতিনিধি ডিসিএফের প্রয়োজনীয় বিভাগগুলি পুরো করতে পারে এবং এথলিটের পক্ষ থেকে ফর্মে স্বাক্ষর করতে পারে, যদি এথলিট এটি করতে অসমর্থ হন।



এথলিট (এবিপি)প্রোগ্রাম কি?

- এথলিট (এবিপি)র পেছনের নীতি সময়ের সঙ্গে নির্বাচিত বায়োমার্কার্স (জৈবিক মানদন্ড)এর পর্যবেক্ষণ করা, যা শরীরে ডোপের প্রভাবকে পরোক্ষভাবে প্রকট করতে পারে।

- প্রত্যেক এথলিটের জন্য সংক্ষিপ্ত প্রোফাইল পরিসংখ্যান টুলসের ভিত্তিতে তৈরি করা হয় যা এথলিটের আগের নমুনা থেকে ডেটা ব্যবহার করে ভবিষ্যতের নমুনার জন্য সম্ভাবিত ব্যক্তিগত সীমা বা সংশ্লিষ্ট সীমার অনুমান করা হয়।

- যদি কোনো নমুনা থেকে পাওয়া কোনো ডেটা এথলিটের সংশ্লিষ্ট সীমার বাইরে আসে, তবে এই অস্বাভাবিক ভ্যালু ডোপ বা কোনো রোগ নিরাময় সংক্রান্ত অবস্থার সংকেত হতে পারে।

- বর্তমানে এবিপি প্রোগ্রামে তিনটি মডিউল রূপায়ন করা হয়েছেঃ হেমেটোলজিক্যাল, স্টেরয়েডাল এবং এন্ডোক্রাইন মডিউল।

এবিপি প্রোগ্রামের উদ্দেশ্য

- এর ব্যবহার অস্বাভাবিক প্রোফাইল সম্বলিত এথলিটসের ক্ষেত্রে লক্ষ্য করা যায়, যা পারম্পরিক ডোপ প্রতিরোধী পরীক্ষা করার জন্য করা যেতে পারে।

- এর ব্যবহার ডোপ প্রতিরোধী নিয়ম লঙ্ঘনের বিষয়ে ডোপের সত্যতার সাক্ষ্য হিসেবেও করা যেতে পারে।



এথলিট বায়োলজিকাল পাসপোর্টের প্রক্রিয়া





এবিপি প্রোগ্রামের মডিউল

১। **হেমেটোলজিকাল মডিউলঃ** হেমেটোলজিকাল মডিউল রক্ত ডোপের মার্কারের বিষয়ে তথ্য সংগ্রহ করে। এই মডিউলের উদ্দেশ্য অক্সিজেনের পরিবহন বা বিতরণ বাড়ানোর জন্য নিষিদ্ধ বস্তু এবং/অথবা নিষিদ্ধ নিয়ম ব্যবহার চিহ্নিত করতে হবে, যাতে এএইজ-এর ব্যবহার আর রক্ত ট্রান্সফিউশন বা মেনিপুলেশনের যেকোনো রূপ অন্তর্ভুক্ত হতে পারে।

এবিপি হেমোটোলজিকাল মডিউলের মধ্যে নিম্নলিখিত ব্লাড ভেরিয়েব্লসের বিষয়ে বিবেচনা করা হয়, অর্থাৎ অস্বাভাবিক রক্ত প্রোফাইল স্কোর, হেমেটোক্রিট, হিমোগ্লোবিন, ইম্যাচিওর রেটিকুলোসাইট ফ্র্যাকশন, গড় কর্পাসকুলার হিমোগ্লোবিন, গড় কর্পাসকুলার হিমোগ্লোবিন কন্সেন্ট্রেশন, গড় কর্পাসকুলার মাত্রা, অফ-স্কোর, প্লেটলেট কাউন্ট, লোহিত রক্ত কণিকা (এরিথ্রোসাইট) কাউন্ট, লোহিত কণিকা বিতরণ প্রস্থ (মানক বিচলন), রেটিকুলোসাইটস কাউন্ট, রেটিকুলোসাইটস শতাংশ, শ্বেত রক্ত কণিকা

২। **স্টেরয়েডাল মডিউলঃ** স্টেরয়েডাল মডিউল মূত্র এবং/অথবা সীরম নমূনায় পরিমাপ করা স্টেরয়েড ডোপের মার্কারের বিষয়ে তথ্য একত্রিত করে

স্টেরয়েডালা মডিউল মূত্রর নমূনা চিহ্নিত করার একটি প্রভাবশালী উপায়, যাতে কিছু পরিবর্তনের চেষ্টা করা হয়েছে বা অন্য ব্যক্তির মূত্রের সঙ্গে বদলে দেওয়া হয়েছে।

৩। **এন্ডোক্রাইন মডিউলঃ** এন্ডোক্রাইন মডিউল এইচজিএইচ ডোপের মার্কারের বিষয়ে তথ্য একত্রিত করে। মডিউলের উদ্দেশ্য এইচজিএইচ এর ব্যবহার আর সেই সঙ্গে নিষিদ্ধ তালিকার ধারা এস ২২এর মাধ্যমে শ্রেণি বিন্যস্ত এইচজিএইচ এনালগস, ফ্রেগমেন্টস আর রিলিজিং ঘটকগুলির ব্যবহার জানা।

এই মডিউল ইন্সুলিনের মত বৃদ্ধি ঘটক-১ (আইজিএফ-১)এর ব্যবহারকেও ইঙ্গিত করতে পারে, যাকে নিষিদ্ধ তালিকার ধারা এস ২.৩এর অন্তর্গত শ্রেণি বিন্যস্ত করা হয়েছে।



এথলিটের অধিকার এবং দায়িত্ব

এথলিটসদের অধিকারঃ

১। ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে তার সঙ্গে যাওয়ার জন্য নিজের পছন্দের একজন প্রতিনিধি মনোনীত করুন।

২। দ্বিভাষীর অনুরোধ করুন

৩। নমূনা সংগ্রহ প্রক্রিয়ার বিষয়ে তথ্যের জন্য অনুরোধ করুন

৪। বৈধ কারণে ডোপ নিয়ন্ত্রণ স্টেশনের বিষয়ে রিপোর্ট করতে বিলম্বের জন্য অনুরোধ করা বা রিপোর্ট করার পর ডোপ নিয়ন্ত্রণ আধিকারিকের সঙ্গে সহমতের ভিত্তিতে, সংরক্ষকের জ্ঞাতসারে ডোপ নিয়ন্ত্রণ স্টেশন ছাড়া।

৫। প্রতিবন্ধী হলে সংশোধনের জন্য অনুরোধ করা

৬। প্রক্রিয়ার সম্বন্ধে নিজের যে কোনো সমস্যার ডকুমেন্টেশন করা।

এথলিটসের দায়িত্ব

১। ডোপ-প্রতিরোধী নীতি (সঠিক হয়ারএ্যাবাউট তথ্য প্রদান করা সহ) র বিষয়ে সচেতন থাকুন আর তা পালন করুন।

২। নমূনা সংগ্রহ প্রক্রিয়ার জন্য উপলব্ধ থাকুন আর তা পালন করুন

৩। নমুনা সংগ্রহ প্রক্রিয়া পুরো হওয়া পর্যন্ত সর্বদা আধিকারিকের দৃষ্টিতে থাকুন।

৪। যথাশীঘ্র বা ৬০ মিনিটের মধ্যে ডোপ নিয়ন্ত্রণ স্টেশনে রিপোর্ট করুন

৫। উপকরণের রক্ষণাবেক্ষণ করা, নমূনা সংরক্ষণের নিজে রক্ষণাবেক্ষণ করা এবং নমূনা বিভাজিত করা, সীল করা এবং সুরক্ষিত করা


৬। সমস্ত দস্তাবেজ সঠিকভাবে পূরণ করুন এবং সুনিশ্চিত করুন যে তাতে স্বাক্ষর করা হয়েছে।

৭। নিষিদ্ধ সামগ্রীর বিষয়ে সচেতন থাকুন।



কোনো নিষিদ্ধ ওষুদের দরুণ নিজের খেলার ক্যারিয়ার নষ্ট করবেন না

এথলিট কোনো ওষুধ বা তার অবয়বের ওপর নিষেধাজ্ঞার অবস্থা সহজে জেনে নিয়ে অজ্ঞাতে হওয়া ডোপ থেকে নিজেকে বাঁচাতে পারেন।



নো ইওর মেডিসিন এ্যাপ

কিউআর কোড স্ক্যান করুন
ডাউনলোড

আমাদের সঙ্গে যুক্ত হোন

নোটঃ-কোনো দ্বন্দ্বের পরিস্থিতিতে ইংরেজী রূপান্তর মান্য হবে।

টীকা

টীকা

#SAYNO TODOPING | TODAY & EVERYDAY

जातीय डोप प्रतिरोधी एजेन्सी

निष्पक्ष खेल
Play fair

हल नम्बर १०३-१०४, प्रथम तल
जहरलाल नेहरू स्टेडियाम, नतुन दिल्ली-११०००३
फोनः९१-११-२४३६८२७४,०११२४३६८२४८,१८०० ११ ९९१९
ईमेलः info.nada@nic-in

लग ईन करुन nadaindia.yas.gov.in

